২৫।হে ঈশ্বর, ইন্দোনেশিয়ার দলটিকে প্রজ্ঞা এবং আনন্দ দাও যেহেতু তারা আশাময়ী নারী অনুষ্ঠানগুলি তৈরী করে এবং শ্রোতাদের যীশুর জ্ঞানে আরও গভীরভাবে বৃদ্ধি লাভ করতে সাহায্য করে।(২ পিতর ৩:১৮)

২৬।হে স্বর্গীয় পিতা, আমরা ভারতের বন্ধ্যা মহিলাদের জন্য প্রার্থনা করি।অনুগ্রহ করে তাদেরকে উৎসাহ, বিশ্বাস এবং নিজের সন্তান দাও।(গীত ১১৩:৯)

২৭।হে প্রভু, চীনে মহিলা সুরক্ষা আইন সংশোধন এবং পরিবর্তন করার জন্য তোমাকে ধন্যবাদ। যারা সেখানে লিঙ্গসংক্রান্ত বৈষম্য এবং যৌন হয়রানির অভিজ্ঞতা লাভ করছে তাদের মধ্যে এই সংশোধিত আইনগুলি যেন প্রকৃত পরিবর্তন আনে।(গীত ৯:৯)

২৮।হে ঈশ্বর, কম্বোডিয়ান চার্চে সদস্য এবং নেতাদের মধ্যে ঐক্য আনো।তারা যেন তোমার অন্বেষণে একসঙ্গে অধ্যাবসায়ী হয়। (ইব্রীয় ১২:১)

২৯।হে প্রভু,ফিলিপাইনের আশাময়ী নারী শ্রোতাদের যীশুর নামে সম্পূর্ণ পুনরুদ্ধার করো যাদের ক্যানসার এবং হতাশার মতো মারাত্মক অসুস্থতার থেকে সুস্থ হওয়ার জন্য তোমার আরোগ্যকারী স্পর্শ প্রয়োজন। (যিশাইয় ৫৩:৫)

৩০।হে প্রভু, সিঙ্গাপুরের মহিলাদের রক্ষাকর্তা হও এবং তাদের ভয় না করতে সাহায্য করো যেহেতু ২০২২ সালে সেখানে তাদের উপর যৌন পীড়ন এবং শারীরিক অত্যাচার বৃদ্ধি পেয়েছে।(১ পিতর ৩:১৪)

বাংলাদেশেরজন্যবিশেষপ্রার্থন

১। প্রার্থনা করবনে বাংলাদশেরে মানুষরে জন্য যারা এই গরমে অনকে কষ্ট পাচ্ছে, এপ্রলি মাসে বাংলাদশে তাপমাত্রা ৪৫ ডগি্রী পর্যন্ত উঠছে এবং এই পর্যন্ত ১১ জন মানুষ গরমে মারা গছে, প্রার্থনা করনে যনে ঈশ্বর এই গরমরে হাত থকে বাংলাদশেরে মানুষকে রক্ষা করনে

২। বাংলাদশেরে নারীরা যনে সক্সে-ট্রাফকি-এর ফাঁদে না পরে এবং ঈশ্বর যনে বাংলদশেরে পরবিার ও সমজে আত্মকি উদ্দীপনায় নারীদরেকে আর বশে িব্যবহার করনে।

৩। এখনো বভিন্নি জায়গায় ঈশ্বররে বশি্বাসীগণ প্রত্যক্ষ এবং পরোক্ষভাবে বভিন্নিভাবে অত্যাচারতি হচ্ছে, বশিষেভাবে যারা সুসমাচার নয়িে কাজ করে তারা বভিন্নি বষৈম্যরে শকিার হচ্ছে। তাদরে জন্য প্রার্থনা করবনে যনে ঈশ্বর তার সন্তানদরেকে তার পক্ষরে নচিে করে রক্ষা করনে এবং কার্যকর ভাবে তাদরে ব্যবহার করনে।

৪। বাংলাদশেরে সরকার এবং যারা বাংলাদশেরে সাংগঠনকি দায়ত্বি রয়ছেনে, যারা বাংলাদশেরে উজ্জ্বল ভবষি্যতরে জন্য প্রাণপণ কাজ করছনে তাদরে জন্য প্রার্থনা করবনে, তারা যনে কোন রকম পরীক্ষায় না পরে, কোন রকম অনতৈকি কাজে লপি্ত না হয়ে দশে ও দশরে জন্য সৎভাবে কাজ করতে পারনে। তাদরে মধ্যে যনে ঈশ্বরভয় থাকে, সর্বোপর িতারা যনে ঈশ্বরকে জানতে পারে।

후원안내

국민은행 851-01-0003-724 북방선교방송

최초 입금 후 사무실로 연락 주시기 바랍니다

TWR WOMEN OF HOPE 소망의 여인들

Women of Hope

Prayer Calendar

২। প্রতি মাসে প্রকাশিত ‘প্রত্যাশাময়ী নারী’ নামক প্রার্থনা পঞ্জিকাটি ১০০টি ভাসায় অনুবাদিত হচ্ছে, এবং ৬৫০০০ এরও বেশি মানুষ এক সঙ্গে প্রার্থনা করছে।

2023.6.

এশিয়ার মহিলাদের জন্য প্রার্থনা 2

এই জগতে আকস্মিক ভাবে কেউ জন্মগ্রহণ করে না। তিনি আমাদের জীবনের জন্য পরিকল্পনা করেছেন এবং এমনকি আজও আমাদের পরিচালিত করেন, আমরা কখনো কখনো কোন ক্ষেত্রে হোচট খাই। যখন এমন হয় তখন আপনি ভয় পাবেন না। আমরা যত বেশি ঈশ্বরের সার্বভৌমত্ব সম্পর্কে বুঝতে পারি, তত বেশি আমাদের প্রার্থনা ধন্যবাদ ও প্রশংসায় পূর্ণ হবে।

TWR Korea 북방선교방송

서울특별시 관악구 양녕로 15, 월드빌딩 6층

전화 (02)886-5671 / 이메일 phkorea@twrk.or.kr

আন্তরিক ভাবে প্রার্থনা করছি।

১। হে পিতা, ভিয়েতনামে শিশুদের উপর অত্যাচার থেকে শিশুদের রক্ষা করার জন্য যেন আইন তৈরী করা হয় এবং সেই আইন যেন বলবৎ করা হয়। শিশুদের ভালোবাসতে, মূল্য দিতে এবং তাদের প্রতিপালন করতে উৎসাহিত করার জন্যে তাদের বাবা মায়েদের হৃদয়ে এবং মনে কাজ করো। (মথি ১৮:১০)

২।হে প্রভু, আমরা তোমার প্রশংসা করি যে নেপালের অসংখ্য মহিলা কয়েদীরা আশাময়ী নারী অনুষ্ঠানগুলি শুনছে এবং তোমাকে জানছে! (যোহন ৩:১৬)

৩।হে পিতা, ফিলিপাইন দেশে ট্রান্স ওয়ার্ল্ড রেডিও আশাময়ী নারী অনুষ্ঠানগুলির ভার গ্রহণ করার জন্যে, শ্রোতাদের ফলো-আপ করার জন্য, রিপোর্ট করার জন্য, এবং প্রার্থনার ক্যালেণ্ডারগুলি অনুবাদ এবং বিতরণ করার জন্য ও পূর্ণ সময়ের জন্য কর্মী জুগিয়ে দাও। (ফিলিপীয় ৪:৬)

৪।হে ঈশ্বর, তোমার বাক্যের ধ্যান এবং প্রতিদিন ঈশ্বরের প্রেমের সহভাগিতা করার দ্বারা তোমার পরিকল্পনা সম্পূর্ণ করার জন্য মঙ্গোলিয়ার খ্রীষ্টিয় মহিলাদের আন্দোলিত করার জন্য আমরা তোমার কাছে প্রার্থনা করি। (মার্ক ১৬:১৫)

৫। হে প্রভু,চীন দেশে উত্তর কোরিয়ার শরণার্থীদের আশাময়ী নারী সম্প্রচারগুলো যেন সান্ত্বনা দেয় এবং তাদেরকে তোমার কাছে নিয়ে আসতে পারে তার জন্য আমরা তোমার কাছে বিনতি করি। (গীত ১১৯:৪৯-৫০)

৬।হে পিতা, আমাদের ট্রান্স ওয়ার্ল্ড রেডিও আশাময়ী নারী দলটির পাশে কাজ করার জন্য মধ্যস্থতাকারীদের আনো যারা পরিচর্যার দর্শনটি বুঝবে এবং আর্থিকভাবে এবং স্বেচ্ছাসেবার দ্বারা সাহায্য করবে।(ইফিষীয় ৬:১৮)

৭।হে প্রভু, তুমি আমাদের আশ্রয়। ইন্দোনেশিয়ায় প্রাকৃতিক বিপর্যয়ের কারণে ত্রাণ শিবিরগুলিতে বাসকারী লক্ষ লক্ষ মহিলা এবং শিশুদের খাদ্য এবং স্বাস্থ্য পরিষেবা দাও। (গীত ৪৬:১)

৮।হে ঈশ্বর ভারতের দুঃস্থ মহিলাদের কার্যকরীভাবে পরিচর্যা করার জন্যে আশাময়ী নারী অনুষ্ঠানটিকে এবং দলের সদস্যদের ব্যবহার করো। (১তীমথিয় ১:১২)

৯।যেহেতু আমাদের দলটি জুলাই ২০২৩শে উইঘুর ভাষায় আশাময়ী নারী অনুষ্ঠানগুলি সম্প্রচারিত করার আশা করছে, সেহেতু চীনের উইঘুর মহিলাদের সম্প্রচারগুলি শুনতে এবং ঈশ্বরের ভালোবাসার বিষয় শিখতে সক্ষম করো। (রোমীয় ১০:১৭)

১০।হে প্রভু, ট্রান্স ওয়ার্ল্ড রেডিও আশাময়ী নারী কম্বোডিয়ার পরিচর্যার জন্য আর্থিক প্রয়োজনগুলির জোগান দাও। তুমি যিহোবা জিরি এবং তাদের আশার উৎস। (আদি ২২:১৪)

১১। হে পিতা, তুমি আমাদের জীবনের উপচয়ের মধ্যে বাঁচার জন্যে আহ্বান করেছো যার মধ্যে আমরা তোমার দৃষ্টিতে আমাদের মূল্য বুঝতে পারি। নেপালী মহিলারা যেন এই সত্যকে সাদরে গ্রহণ করে এবং তারা যেন তাদের দ্বিতীয় শ্রেণীর নাগরিক হওয়ার মিথ্যা প্রত্যাখ্যান করে। (যোহন ১০:১০খ)

১২। হে প্রভু, ফিলিপাইনের চার্চ এবং সরকার যেন পতিতালয়ের অভাবী মহিলাদের প্রতি সহানুভূতি, করুণা দেখায় এবং তাদের সাহায্য করে। এই মহিলারা যেন এই ধরণের জীবন থেকে মুক্ত হয়।(হিতোপদেশ ১৪:২১)

১৩।হে পিতা, মঙ্গোলিয়ার বিদ্যমান রাজ্যের কাজটিকে শক্তিশালী করো। যারা তোমার সম্পর্কে শোনে তারা যেন শয়তানের বন্ধন থেকে মুক্ত হয় এবং জীবনের উপচয় লাভ করে।(যোহন ১১:২৭)

১৪।হে প্রভু আমরা তোমার প্রশংসা করি, যে শ্রোতারা জাপানের রেডিওতে এবং ইউটিউবে সম্প্রচারিত আশাময়ী নারী অনুষ্ঠানগুলির প্রতি সাড়া দিচ্ছে এবং স্বেচ্ছাসেবীরা এবং মধ্যস্থতাকারীরা এই পরিচর্যার মাধ্যমে আশীর্ব্বাদযুক্ত হচ্ছে। (গীত ১০৩:১)

১৫।হে ঈশ্বর,ইন্দোনেশিয়া এবং জাভার আশাময়ী নারী অনুষ্ঠানগুলির জন্য তহবিল দানকারী বিশ্বস্ত দানকারীদের জন্য আমরা তোমার প্রশংসা করি।(ইব্রীয় ১৩:১৫)

১৬।হে প্রভু, আমরা উত্তর ভারতের মহিলাদের জন্য প্রার্থনা করি যাদের পুত্র এবং স্বামীরা মাদকে আসক্ত। অনুগ্রহ করে এই লোকদের আরোগ্য দাও।(যিশাইয় ৬১:১)

১৭। হে ঈশ্বর, কোরিয়ার মহিলাদের প্রজ্ঞা দাও যারা কারাগারগুলিতে পরিচর্যা করছে। তোমার বাক্য শোনার জন্য এবং তোমার মধ্যে স্বাধীনতা খুঁজে পাওয়ার জন্য কয়েদীদের হৃদয় উন্মুক্ত করো। (যিশাইয় ৪২:৭)

১৮।মান্দারীণে প্রার্থনার ক্যালেণ্ডার থেকে যে প্রার্থনার অনুরোধগুলো আসছে সেগুলি নথিভুক্ত করার জন্য স্বেচ্ছাসেবক দেওয়ার জন্যে ঈশ্বরের প্রশংসা হোক।সম্প্রতি,অনলাইনে এক-মিনিট অডিও প্রার্থনাগুলি প্রকাশিত হচ্ছে এবং এই প্রার্থনাগুলি সর্টওয়েভ সম্প্রচারে যুক্ত করা হবে। (১ পিতর ৪:১০)

১৯। হে পিতা, কম্বোডিয়ায় বাধ্যতামূলক শ্রমদান, মানবপাচার এবং যৌন ব্যবসার মাধ্যমে বন্ধনযুক্ত অল্প বয়েসী মহিলাদের প্রতি স্বাধীনতা এবং উদ্ধার আনো। (গীত ৯১:২)

২০।হে পিতা, আমাদের নেপালের দলটির মধ্য নতুন প্রাণের সঞ্চার করো, তাদের শক্তিশালী এবং সাহসী করো যেহেতু তারা কষ্টভোগকারী মহিলাদের রক্ষা করার জন্য অক্লান্ত পরিশ্রম করছে। (যিরমিয় ৩১:২৫)

২১।হে প্রভু,ফিলিপীনের শ্রোতাদের বিশ্বাসে শক্তিশালী করো যারা আর্থিক সমস্যায় ভুগছে।তাদের দৈনিক প্রয়োজনগুলির জন্য তারা যেন তোমার উপর নির্ভর করতে পারে।(মথি ৬:৩৩)

২২।হে ঈশ্বর মঙ্গোলিয়ার পিতারা যেন দায়িত্বের সঙ্গে তাদের পরিবারগুলি পরিচালনা করতে পারে তার জন্য আমরা তোমার কাছে বিনতি করি।এছাড়াও, স্বামী ছাড়া মায়েদের তাদের সন্তানদের প্রতিপালনের সমস্যাগুলিকে জয় করার জন্য অনুগ্রহ করে তাদের সাহায্য করো।(হিতোপদেশ ৪:১-৯)

২৩।হে পিতা, তোমার রাজ্য সম্প্রসারিত করার জন্য কোরিয়ার খ্রীষ্টানদের পরবর্তী প্রজন্মকে প্রজ্ঞা এবং দক্ষতা দাও।(মথি ৯:৩৮)

২৪।হে প্রভু,জাপানী একক মায়েদের, যে সমস্ত মহিলারা দারিদ্রের সম্মুখীন হয়েছে এবং যে সমস্ত পরিবারগুলি ঘরোয়া অত্যাচারে ভুগছে তাদের শারীরিক এবং আত্মিক সুরক্ষা দাও। তাদের আশ্রয় হও।(গীত ৩৪:৭-৯)